উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

অক্টোবর/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ১৩/১০/২০২২ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর আগস্ট/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর সেপ্টেম্বর/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১১ | জনাব মো: কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর | ১৭০৫০/- | |

| | | |
|---|---|---|
| | আগস্ট/২০২২ মাসের মাসের মজুরী বিল | |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর সেপ্টেম্বর/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- |
| ১৩ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য সেপ্টেম্বর/২০২২ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নতুন রাস্তার আইডিভূক্ত করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, সলফ –ছয়হাড়া রাস্তা বন্যার কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে। হিলিপ প্রকল্পের মেয়াদ ২০২৬ সাল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। হিলিপ প্রকল্পের আওতায় চার জেলায় প্রায় ৪০০ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। পাগলা -শত্রুমর্দন ফিশারিজ এর ভিতর দিয়ে রাস্তা করতে হলে গাছ অপসারণ করতে হবে। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির তালিকা দাখিল করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, এর পক্ষে আরএমও উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করেন। উক্ত সভায় (ক) ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্থ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর সংযোগ সড়ক মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয় (খ) সদরপুর কমিউনিটি ক্লিনিক,খুদিরাই কমিউনিটি ক্লিনিক এবং রনসী বাদুল্লাপুর কমিউনিটি ক্লিনিক এর সংযোগ সড়ক, বাউন্ডারী ওয়াল ও মাটি ভরাট করার বিষয়ে সিদ্ধান্ত হয় (গ) পাগলা উপস্বাস্থ্য কেন্দ্র,দরগাপাশা উপস্বাস্থ্য কেন্দ্র, আলমপুর কমিউনিটি ক্লিনিক, জয়কলস ও গণিগঞ্জ কমিউনিটি ক্লিনিক, পাথারিয়াতে ডেলিভারী টেবিল স্বাভাবিক প্রসব সংক্রান্ত কিট ও এস.এস.আর সরবরাহ করার সিদ্ধন্ত গৃহীত হয়। উপরোক্ত সিদ্ধান্তগুলোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং প্রস্তাবগুলোর বিষয়ে জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণের জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | ১.উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রবেশের রাস্তা ও কমিউনিটি ক্লিনিক এর সংযোগ সড়ক,বাউন্ডারী ওয়াল, মাটি ভরাট এর কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী ও উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ। ২. চেয়ারম্যান (সকল), শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, শ্রীরামপুর ঈশাখপুর বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ সম্পন্ন করা হয়েছে। উপজেলা পরিষদের টি আর কাবিখা এর তালিকা জমাদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নির্মিত মুজিব বর্ষের ঘরের ব্যয়িত অর্থ পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর, কাবিখা ও কর্মসৃজন প্রকল্পসমূহের তালিকা দাখিল করতে হবে। ও মুজিব বর্ষের ঘরের ব্যয়িত অর্থ পরিশোধ করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা এর পক্ষে জনাব আলী মর্তুজা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সিদ্ধান্ত নাই। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় সভায় জানান যে, আবেদনের মাধ্যমে ৭০% ভর্তুকির মাধ্যমে কৃষি পণ্য দেওয়া হবে। সরিষা ও তৈল জাতীয় ফসল উৎপাদন বৃদ্ধির জন্য আগ্রহী কৃষকদের তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। সরকারিভাবে সরিষার বীজ দেওয়া হবে। বিগত বছর ব্রী ধান ২৮ ব্যপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ব্রী ধান ২৮ এর পরিবর্তে ৮৮,৮১,৮৪ জাতের নতুন বীজ বপন করার জন্য কৃষকদের পরামর্শ দেওয়া হচ্ছে। | ১. ৭০% ভর্তুকির মাধ্যমে কৃষি পণ্য প্রকৃত কৃষকগণ যেন পেতে পারে তা নিশ্চিত করতে হবে। অত্র অঞ্চলের কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন হাওরে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। হাওরে জেলেরা কোনা জাল, বেড়জাল দ্বারা পোনা মাছ ধ্বংস করতে পারে। এ বিষয়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা প্রয়োজন। পোনা মাছ রক্ষায় মোবাইল কোর্ট পরিচালনার জন্য সভায় অনুরোধ জানান। এ ছাড়া আগ্রহী প্রকৃত মৎস্যজীবীগণ প্রত্যয়ণগ্রহণ সাপেক্ষে ব্যাংক হতে ৪% সুদে ঋণ নিতে পারে। এ বিষয়ে স্থানীয় মৎস্যজীবীদেরকে বিষয়টি অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১। হাওরে জেলেরা কোনা জাল, বেড়জাল দ্বারা পোনা মাছ যেন ধ্বংস না করতে পারে সে জন্য প্রয়োজনীয় অভিযান ও তদারকি বৃদ্ধি করতে হবে। | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার পরিবার পরিকল্পনা সভায় জানান যে, জয়কলস ও পূর্ববীরগাও এর ইউপি চেয়ারম্যানগণ ডেলিভারী মেশিন প্রদান করেছেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১) কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, লোডসেডিং এর কারণে প্রাণীসম্পদ অফিসে সংরক্ষিত ভ্যাকসিন ব্যবহারের অনুপোযোগী হয়ে যায়। ইতিপূর্বেও এ বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। বিদ্যুৎতের বিকল্প হিসেবে একটি জেনারেটর এর ব্যবস্থা করা গেলে সরকারি সম্পদ/ভ্যাকসিন সঠিকভাবে সংরক্ষণ করা যাবে। বিগত বন্যার পর হতে গবাদি পশুর রোগ বালাই বেড়ে গেছে। প্রাণি সম্পদ অফিসের যে সকল মাঠকর্মীগণ রয়েছেন তারা খামারী ও কৃষকদের পরামর্শ দিচ্ছে। অনেক খামারী/কৃষকগণ প্রানী সম্পদ অফিসের সাথে যোগাযোগ না করেই স্থানীয় ফার্মেসী হতে গবাদিপশুকে ঔষধ সেবন করিয়ে থাকেন ফলে গবাদিপশু মারা যাচ্ছে। এ বিষয়ে স্থানীয় খামারীদের/কৃষকদেরকে সচেতন করার জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। চেয়ারম্যান দরগাপাশা জানান যে, অনেক ক্ষেত্রেই গবাদিপশুর প্রজনন/ফিড কার্যকর হয়না এর সমাধান কিভাবে। এ বিষয়ে প্রজনন/ফিড কার্যক্রমের একটি নির্ধারিত সময়সীমা রয়েছে উক্ত সময়সীমার মধ্যে প্রজনন/ফিড দিতে হয়। এ ছাড়া অনেক ক্ষেত্রে অনভিজ্ঞ লোক দিয়ে | ১) কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | প্রজনন কার্যক্রম চালানোর ফলে তা ব্যাঘাত ঘটতে পারে। | | |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় প্রাথমিক শিক্ষার মান বৃদ্ধির জন্য উপজেলার বিভিন্ন অফিস প্রধানগণের মাধ্যমে তদারকি কমিটি গঠন করেছেন। উক্ত তদারকি কমিটি নিয়মিত প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শন করছেন। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে শিক্ষা অফিস কর্তৃক প্রাথমিক শিক্ষকগণকে সঠিক নির্দেশনাসহ মনিটরিং করা হচ্ছে। স্কুলের শিক্ষার্থীদের উপস্থিতি, শিক্ষকের সঠিক সময়ে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য মনিটরিং করা হচ্ছে। মৌলিক বিষয়গুলোকে মূল্যায়ণ করে সেরা ১০ টি বিদ্যালয়কে পুরস্কৃত করা হবে। পাথারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এর নতুন ভবন এর স্থান নির্ধারণ করা জরুরী, এ বিষয়ে বিদ্যমান স্থানটি নদীর পাশাপাশি হওয়ায় পানি উন্নয়ন বোর্ডের মতামত চাওয়া হলে পানি উন্নয়ন বোর্ড নদীর ১০ মিটারের মধ্যে কোন স্থাপনা নির্মাণ করা সমীচীন নয় মর্মে প্রত্যয়ণ প্রদান করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, নদীর উত্তর পাশে পর্যাপ্ত জায়গা রয়েছে ঐ পাড়ে জায়গা প্রাপ্তি সাপেক্ষে করা যেতে পারে। এ বিষয়ে চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, প্রস্তাবিত স্থানটি নদী ভাংগন এলাকা নয়। দীর্ঘদিন যাবত পলি মাটি ভরাট হওয়ার কারনে নদী ভাঙ্গন সম্ভাবনা কম। এখানে ব্রীজ, সুরমা উচ্চ বিদ্যালয় ও আশেপাশে বাজারের স্থাপনা রয়েছে পাথারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এর নতুন ভবন নির্মাণ করা যেতে পারে এবং মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সাথে বিষয়টি নিয়ে আলোচনা করা যেতে পারে। | ১. প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গৃহীত পদক্ষেপটি সফল করার জন্য সকলকে সহযোগিতা করতে হবে। | ১. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে, আগামী ০৬ নভেম্বর এইচ,এস,সি পরীক্ষা শুরু হবে। সুষ্টুভাবে পরীক্ষা সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা প্রয়োজন । আগামী বছর নতুন শিক্ষানীতি অনুযায়ী শিক্ষা কার্যক্রম গ্রহণ করা হবে। নতুন শিক্ষানীতির বিষয়ে সকল মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে সকল বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। ইউনিক আইডির কাজ চলমান রয়েছে। প্রায় ৮০% শিক্ষার্থীর আইডি সম্পন্ন করা হয়েছে। | ১. অনুষ্ঠিতব্য এইচ,এস,সি পরীক্ষা সঠিকভাবে সম্পন্ন করতে হবে। নতুন শিক্ষানীতির বিষয়ে শিক্ষকগণকে সঠিকভাবে প্রশিক্ষণ দিতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, চলতি অর্থ বছরে ১,৩০,০০০/- টাকা রাজস্ব আয় হিসেবে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। ১৮-৩৫ বছরের সমবায়ীদেরকে ০৩ টি ট্রেডে প্রশিক্ষণ দেওয়া হবে। আগামী ০৬ নভেম্বর ২০২২ জাতীয় সমবায় দিবস উদযাপন করা হবে এ বিষয়ে সকলের সহযোগিতা প্রয়োজন। | ১. বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার জাইকার অর্থায়নে শীতলপাটির প্রশিক্ষণটি স্থানীয় পর্যায়ে খুবই ফলপ্রসু হয়েছে। প্রকল্পের আওতাধীন প্রশিক্ষণের সময়সীমা আরও ১০ দিন বৃদ্ধি করার জন্য অনুরোধ জানানো হয়। জাতীয় সমাজ কল্যাণ সমিতি হতে প্রাপ্ত বরাদ্দের মাধ্যমে অত্র উপজেলায় ভিক্ষুক পুর্নবাসন করা হবে। এ বিষয়ে | ভিক্ষুক পুর্নবাসন কার্জটি সঠিকভাবে সম্পন্ন করতে হবে। শীতল পাটির প্রশিক্ষণের মেয়াদ ১০ দিন বৃদ্ধি করা যেতে পারে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, খাদ্য মন্ত্রণালয়ের সিদ্ধান্তমতে চলমান খাদ্যবান্ধবে উপকারভোগী ভোক্তার তথ্য অনলাইন ডাটাবেইজে আপলোড হওয়ার পর শান্তিগঞ্জ উপজেলার ৬৪৬২ জন ভোক্তার মধ্যে ০৮ টি ইউনিয়নে ১৬৭৬ জন ভোক্তার নামের তথ্য বিভিন্ন কারণে আপলোড না হওয়ায় উক্ত ১৬৭৬ জনের তথ্য নতুন করে সফট ও হার্ডকপি প্রদানের জন্য অনুরোধ করা হয়। এছাড়া সভায় জানান যে, এতদ্ব্যাপারে তালিকা মন্ত্রণালয়ের চিঠি এবং অন্যান্য সমুদয় কাগজপত্র ইউপি সচিবের ইমেইলে পাঠানে হয়েছে। আগামী ১৫ নভেম্বরের মধ্যে তালিকা প্রদান করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। সভায় তিনি জানান যে, ইউপি সচিব পূর্ববীরগাওকে একাধিকবার ফোন দেওয়ার পরও ফোন ধরেননা। এমনকি পরবর্তীতেও ফোন করেননি। চেয়ারম্যান পূর্ববীরগাও জানান যে, তিনি প্রায়শই আমার ফোন ধরেন না এবং নিয়মিত অফিসে আসেন না। এ বিষয়ে সভায় উপজেলা চেয়ারম্যান চরম অসন্তোষ প্রকাশ করেন এবং বর্ণিত সচিবের বিরুদ্ধে লিখিতভাবে জানানোর জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। | আগামী ১৫ নভেম্বরের মধ্যে তালিকা প্রদান করতে হবে। | ১. চেয়ারম্যান (সকল) ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সভায় জানান যে, তিনি বিগত মাসে অত্র উপজেলায় যোগদান করেছেন। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমে গতীশীলতা আনতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) চেয়ারম্যান দরগাপাশা ইউপি, পশ্চিমবীরগাও ইউপি ও চেয়ারম্যান শিমুলবাক ইউপি সভায় জন্ম নিবন্ধন কার্যক্রমটি আরও সহজভাবে দেখার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার | ১. অধিকরত গুরুত্বের সাথে জন্ম নিবন্ধনের কাজটি করতে হবে। | ১. ইউপি চেয়ারম্যান (সকল) শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | (অঃদাঃ) জানান যে, সরকারি পরিপত্রের আলোকেই জন্ম নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। প্রয়োজনীয় কাগজপত্রের অভাব, আবেদনের ত্রুটির কারণে অনেক জন্ম নিবন্ধনের আবেদন বাতিল হচ্ছে। জন্ম নিবন্ধনের আবেদন করার সময় প্রয়োজনীয় তথ্য ও কাগজাদি সঠিকভাবে দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ উপজেলা পরিষদের সকল সদস্যকে নিয়মিত সভায় উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, অনেক সদস্যই নিয়মিত সভায় উপস্থিত থাকেন না যার কারণে উপজেলার উন্নয়ন কার্যক্রম ক্ষতিগ্রস্ত হয়। কেউ উপস্থিত থাকতে না পারলেও অন্তত তার একজন প্রতিনিধি যেন উপস্থিত থাকেন সেটা নিশ্চিত করতে হবে। উপজেলা পরিষদের মাসিক সভাটি উপজেলা পর্যায়ে সর্বোচ্চ নীতি নির্ধারনী ফোরাম। পরিষদের সকল সদস্য ও ইউপি চেয়ারম্যানগণকে সঠিক সময়ে নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানা। এ বিষয়ে সবাইকে গুরুত্বসহকারে বিষয়টি বিবেচনা করার অবহিত করা হয়। উপজেলা পরিষদের বিভিন্ন বরাদ্দ ও প্রকল্প বন্টনের সময় উপস্থিতির বিষয়টি বিবেচনায় নেওয়ার জন্য সভায় সকলের মতামত দেওয়ার জন্য অনুরোধ করেন। এ ছাড়া উপজেলা পরিষদের মাসিক সভাটি এজেন্ডা ভিত্তিক হওয়া প্রয়োজন। প্রতি মাসে স্থায়ী কমিটির সুনির্দিষ্ট প্রস্তাব ও বিভিন্ন দপ্তরের অফিস প্রধানগণ কার্যপত্রসহ সভায় উপস্থিত থাকবেন। স্থায়ী কমিটির সুপারিশ ও কার্যপত্রের আলোকে উপজেলা পরিষদের সভা পরিচালনা হওয়া প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সভাপতি উপজেলা পরিষদের সকল সদস্যকে মাসিক সভায় কার্যপত্র ও স্থায়ী কমিটির সুপারিশসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত সদস্যগণ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন। | ২.উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। উপজেলা পরিষদের সকল সদস্যকে মাসিক সভায় কার্যপত্র ও স্থায়ী কমিটির সুপারিশসহ উপস্থিত থাকতে হবে। কার্যপত্র ব্যতিত কোন বক্তব্য উপজেলা পরিষদের কার্যবিবরণীতে আসবে না। | ২. উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ ও ইউপি চেয়ারম্যান (সকল) শান্তিগঞ্জ। |
| | | (গ) ইউপি চেয়ারম্যান, শিমুলবাক জানান যে, মুক্তাখাই-ভীমখালী যাতায়তের রাস্তাটি বিগত বন্যার কারণে ভেঙ্গে গেছে। এ রাস্তা দিয়ে প্রতিদিন কয়েক গ্রামের মানুষ আসা যাওয়া করে। রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.মুক্তাখাই-ভীমখালী যাতায়তের রাস্তাটি সরেজমিন পরিদর্শনপূর্বক প্রাক্কালন প্রস্তুতক্রমে কার্যক্রম গ্রহণ করতে হবে। | ৩. উপজেলা প্রকৌশলী |
| | | (ঘ) চেয়ারম্যান, জয়কলস ইউপি, শিমুলবাক ইউপি ও পূর্ববীরগাও ইউপি জানান যে, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে পরিদর্শকালে দেখা যায় যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থাকেননা । এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, যে সকল শিক্ষকবৃন্দ নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থাকেননি তাদের কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে। পরবর্তীতে তাদের বিরুদ্ধে নীতিমালা অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | (৪) প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষগণকে সরকার নির্ধারিত সময়ে বিদ্যালয়ে উপস্থিত থাকার জন্য কঠোর নির্দেশনা প্রদান করতে হবে। | ৪. উপজেলা শিক্ষা অফিসার, শান্তিগঞ্জ |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ৯৬ (৫০)

তারিখঃ ২৭/১০/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৬. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৮. উপজেলা ..................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৯. চেয়ারম্যান ...................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০. জনাব/জনাবা..........................................................................................

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ

উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ১৬/১০/২০২২ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | | | |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | দুলন রানী তালুকদার | 01737913691 | [illegible] |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | ডা. অরুপ কুমার চন্দ্র দাস | 01716-531262 | [illegible] |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | মোঃ জাহিদুল ইসলাম | 01724-417816 | [illegible] |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা /RMO | Dr. Tariq Jamil Apu | 01774454233 | [illegible] |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | আবুল কালাম আজাদ | 01712406496 | [illegible] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | মো: আলনূর তারেক | 01708161681 | Altareq |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | শামীম চন্দ্র তালুকদার | 01715-171668 | [illegible] |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | মো: সেলিম খান | 01718-064880 | [illegible] |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | মো: নূরে আলম সিদ্দিকী | 01717-0423 69 | [illegible] |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | তাহমিনা আক্তার মিম | 01915546576 | [illegible] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | মোহাম্মদ মারুফ আহমদ | 01716888163 | [illegible] |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সন্দ্বীপ বিশ্বাস | 01758132839 | [illegible] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মোঃ সাইদুর রহমান | 01717468171 | [illegible] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | হাসান কবির | 01933163362 | [illegible] |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | মো. আসাদুর সরকার | 01673386709 | [illegible] |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | শ্রীরাম পদ চৌধুরী | 01715720403 | [illegible] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | আলী মর্তুজা মোহাম্মদ | 01717282589 | |
| ১৯ | উপজেলা আনসার ও বিডিপি কর্মকর্তা | মোহাঃ [illegible] | 01733250771 | |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | | | |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | [illegible] মুকুল | 01788873040 | |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | [illegible] ইসলাম | 01799704856 | |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | [illegible] রহমান | 01708796844 | |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি | [illegible] | 01718106450 | |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাও ইউপি | [illegible] | 01729587797 | |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | মোঃ [illegible] | 01730178629 | |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | | | |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | আবু [illegible] | 01745874863 | |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |